আমি আয়েশাকে জিজ্ঞেস করে বললাম: হায়েযা (ঋতুবতী) নারী সাওম কাযা করে কিন্তু সালাত কাযা করে না কেন?

মু'আযাতা সূত্রে বর্ণিত, তিনি বলেন: আমি আয়েশাকে জিজ্ঞেস করে বললাম: হায়েযা (ঋতুবতী) নারী সাওম কাযা করে কিন্তু সালাত কাযা করে না কেন? তিনি বললেন, তুমি কি হারূরিয়্যাহ (খারিজি)? আমি বললাম আমি হারূরিয়্যাহ নয়। তবে জিজ্ঞাসা করছি। তিনি বললেন, আমাদের
(নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের যুগে) ঋতু হত, তখন আমাদের সাওম কাযা করার নির্দেশ দেওয়া হত, কিন্তু সালাত কাযার নির্দেশ দেওয়া হত না।
[সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

মু'আযাতা আল-আদাউইয়া উম্মুল মুমেনীন আয়েশা রাদিয়াল্লাহু আনহাকে জিজ্ঞাসা করলেন, কেন ঋতুবতী মহিলারা সিয়াম কাযা আদায় করে কিন্তু সালাত কাযা আদায় করে না? তিনি তাকে বলল: তুমি কি খারেজী হারুরীদের একজন যারা একগুঁয়ে এবং হৎকারীতার কারণে বেশি বেশি প্রশ্ন করে? আমি বললাম: আমি হারুরী (খারেজীরা) নই, কিন্তু আমি জিজ্ঞাসা করছি। তিনি বললেন: নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর যুগে আমাদের ঋতুস্রাব হত, তখন আমাদের সিয়াম কাযা করার নির্দেশ দেওয়া হত, কিন্তু সালাত কাযা করার নির্দেশ দেওয়া হত না।

http://sunnah.global/hadeeth/bn/show/3449